এনসিপির মেয়র প্রার্থী ঘোষণা: দক্ষিণে আসিফ, উত্তরে আদীব



আসিফ মাহমুদ ও আদীব। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আসন্ন সিটি করপোরেশন নির্বাচনকে সামনে রেখে ঢাকা উত্তর ও দক্ষিণসহ পাঁচটি সিটিতে মেয়র প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

রোববার (২৯ মার্চ) রাতে রাজধানীর বাংলামোটরে দলের কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এই ঘোষণা দেন দলের আহ্বায়ক ও বিরোধী দলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম।

দলীয় সিদ্ধান্ত অনুযায়ী, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে প্রার্থী করা হয়েছে অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়াকে। আর ঢাকা উত্তর সিটি করপোরেশনে মনোনয়ন পেয়েছেন আরিফুল ইসলাম আদীব।

এছাড়া কুমিল্লায় অ্যাডভোকেট তরিকুল ইসলাম, রাজশাহীতে মোবাশ্বের আলী এবং সিলেটে অ্যাডভোকেট আব্দুর রহমান আফজালকে মেয়র পদে দলের প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়েছে।

LENS ASIA

সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম অভিযোগ করেন, বিভিন্ন সিটিতে প্রশাসক নিয়োগের মাধ্যমে প্রশাসনকে রাজনৈতিকভাবে প্রভাবিত করা হয়েছে। তিনি বলেন, নির্বাচনে এসব প্রশাসকের অংশগ্রহণের সুযোগ থাকা উচিত নয়।

তিনি আরও জানান, দলীয় প্রতীক ছাড়া নির্বাচন আয়োজনের পক্ষে এনসিপি এবং আগামী ছয় মাসের মধ্যে স্থানীয় সরকার নির্বাচন সম্পন্ন করার দাবি জানান তিনি।